রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

নং ২৩.০০.০০০০.১৯০.৩৩.০৭২.১৩.৬ তারিখ : ২৪ পৌষ ১৪২৬/৮ জানুয়ারি ২০২০

## বাংলাদেশ সেনাবাহিনীর ফ্লাইট ক্রু-দের উড্ডয়ন বেতন প্রাপ্তির নীতিমালা

### ভূমিকা

১। বাংলাদেশ সশস্ত্র বাহিনীর জন্য প্রণীত জেএসআই-০১/২০১৬ গত ২৯ মার্চ ২০১৬ তারিখে জারি করা হয়। উক্ত জেএসআই এর অধ্যায়-১, ক্রমিক নং ৮(ঙ) এবং অধ্যায়-০২, ক্রমিক নং-১৫(গ)-এ উল্লিখিত ফ্লাইট ক্রু-দের জন্য উড্ডয়ন বেতন নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। অপরদিকে বাংলাদেশ সেনাবাহিনীর আর্মি এভিয়েশন গ্রুপের অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে পাইলটের পাশাপাশি অন্যান্য ফ্লাইট ক্রু অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্তমানে এ সংস্থার বিমানবহরে দুইটি ডফিন এস-৩৬৫ এন ৩+ দুইটি বেল ২০৬ এল ৪ হেলিকপ্টার, একটি সেসনা গ্রান্ড ক্যারাভান সি-২০৮বি, চারটি সেসনা-১৫২ এরোবেট এয়ারক্রাফট, ছয়টি এমআই-১৭১ শাহ হেলিকপ্টার ও একটি কাসা সি-২৯৫ ডব্লিউ ফিক্সড উইং বিমান রয়েছে। এছাড়া অতিসত্ত্বর এ বিমান বহরে এ্যাটাক হেলিকপ্টার, দুইটি বেল ৪০৭ জিএক্সআই হেলিকপ্টার, চারটি ডায়মন্ড ডিএ ৪০ এনজি এবং একটি এয়ার এ্যাম্বুলেন্স বিমান সংযোজিত হবে। এছাড়াও ভবিষ্যতে অন্যান্য নতুন নতুন বিমান/হেলিকপ্টার সংযোজনের সম্ভাবনা রয়েছে। এ সকল বিমানের উড্ডয়ন পরিচালনার সহযোগী হিসেবে পাইলটের সাথে অন্যান্য ফ্লাইট ক্রুও নিযুক্ত হবেন। এ পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ফ্লাইট ক্রু-দের উক্ত উড্ডয়ন বেতন প্রদান/প্রাপ্তির নিমিত্ত সুস্পষ্ট নীতিমালা জারি করা প্রয়োজন।


মূল্য : টাকা ৪.০০

উদ্দেশ্য

২। বাংলাদেশ সেনাবাহিনীর আর্মি এভিয়েশন গ্রুপের জন্য বর্তমানে অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে পাইলটদের পাশা-পাশি অন্যান্য ফ্লাইট ক্রু অন্তর্ভুক্ত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে পাইলটদের ন্যায় উক্ত ফ্লাইট ক্রু-দের উড্ডয়ন বেতন প্রাপ্তির নিমিত্ত সুস্পষ্ট নীতিমালা প্রণয়ন করা আবশ্যক।

উড্ডয়ন বেতন প্রাপ্তির যোগ্যতাসমূহ

৩। বাংলাদেশ সেনাবাহিনীর ফ্লাইট ক্রু-দের (যেমন : ফ্লাইট ইঞ্জিনিয়ার, নেভিগেটর, লোড মাষ্টার, এয়ার গানার ও এয়ারবরন্ সেন্সর অপারেটর) উড্ডয়ন বেতন প্রাপ্তির জন্য নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করা হবে :

ক। একজন ফ্লাইট ক্রু যতদিন পর্যন্ত উড্ডয়ন দায়িত্বের জন্য শারীরিকভাবে যোগ্য থাকবেন ততদিন পর্যন্ত তিনি এলপিআর এর সময়কালসহ উড্ডয়ন বেতন প্রাপ্য হবেন। একজন ফ্লাইট ক্রু উড্ডয়ন বেতন প্রাপ্য হবেন না, যদি তিনি শারীরিকভাবে উড্ডয়নের জন্য যোগ্য না হন অথবা যদি :

(১) ফ্লাইট ক্রু বছরে (০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর) সর্বনিম্ন ৩০:০০ ঘণ্টা উড্ডয়ন সম্পন্ন করতে ব্যর্থ হন।

(২) ফ্লাইট ক্রু শৃঙ্খলাজনিত কারণে উড্ডয়ন কর্মকাণ্ড হতে অব্যহতিপ্রাপ্ত হন।

(৩) ফ্লাইট ক্রু নিজস্ব ট্রেডের জন্য প্রয়োজনীয় মান (Standard) অর্জন করতে ব্যর্থ হন।

**নোট:** উপরোক্ত উপ-অনুচ্ছেদ ৩ক (২) ও (৩) এর ক্ষেত্রে রেজিমেন্ট কমান্ডার কর্তৃক স্থগিতাদেশ (Suspension Report) উপস্থাপন করা হবে।

খ। যদি কোনো ফ্লাইট ক্রু অন্য কোনো মেডিকেল কারণ ছাড়া শুধুমাত্র বিমান/হেলিকপ্টার দুর্ঘটনা/ ক্র্যাশ এর কারণে শারীরিকভাবে অযোগ্য হন তবে তাঁর উড্ডয়ন বেতনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে এবং সেক্ষেত্রে তাঁকে সেনাসদর, জিএস শাখা কর্তৃক বিশেষ ছাড়পত্র (Special Waiver) প্রদান করা হবে।

গ। প্রতিবছর সমাপনান্তে প্রত্যেক ফ্লাইট ক্রুর জন্য নির্দিষ্ট উড্ডয়ন ঘণ্টা {উপ-অনুচ্ছেদ ৩ক(১) এ উল্লিখিত} সম্পন্নের সনদপত্র উড্ডয়নকৃত ফিক্সড/রোটারী উইং রেজিমেন্ট কমান্ডার কর্তৃক প্রদান করা হবে।

ঘ। বছরের শেষে কোনো ফ্লাইট ক্রু যদি উল্লিখিত নির্দিষ্ট উড্ডয়ন ঘণ্টা {উপ-অনুচ্ছেদ ৩ক(১) এ উল্লিখিত} সম্পন্ন করতে ব্যর্থ হন তবে তাঁকে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সেনাসদর, জিএস শাখা বরাবরে আবেদনের মাধ্যমে অব্যাহতির অনুমোদন গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সেনাসদর, জিএস শাখা উপযুক্ত কারণ সাপেক্ষে অনুমোদন প্রদান করবেন যদি:

(১) ফ্লাইট ক্রু দেশের অভ্যন্তরে অথবা দেশের বাইরে এমন কোনো নিযুক্তি অথবা কোর্সে থাকেন যেখানে উড্ডয়ন সুবিধা প্রদান করা সম্ভব নয়।

(২) একজন ফ্লাইট ক্রু বিশেষ কারণে (যেমনঃ অসুস্থ, চাকুরীর অত্যাবশ্যকীয়তা/স্টাফ দায়িত্ব ইত্যাদি) নির্দিষ্ট উড্ডয়ন ঘণ্টা সম্পন্নের সুযোগ থেকে বঞ্চিত হন সেক্ষেত্রে তিনি উপ-অনুচ্ছেদ ৩ক(১)-এ উল্লিখিত নির্দিষ্ট উড্ডয়ন ঘণ্টা হতে ছাড় পেতে পারেন।

৬। বছরের শেষে একজন ফ্লাইট ক্রু যদি উল্লিখিত নির্দিষ্ট উড্ডয়ন ঘণ্টা সম্পন্ন করতে ব্যর্থ হন তবে পরবর্তী বছর ০১ জানুয়ারি হতে তাঁর উড্ডয়ন বেতন প্রাপ্যতা স্থগিত হবে। যদি নতুন বছরে তিনি ঐ বৎসরের নির্দিষ্ট উড্ডয়ন ঘণ্টা সম্পন্ন করেন, তবে যে মাসে তিনি তা সম্পন্ন করেছেন তার পরবর্তী মাস হতে পুনরায় উড্ডয়ন বেতন প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহ্‌ফুজা আখতার**
অতিরিক্ত সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd